

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬১

১. পবিত্রতা (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৪. পানির কৃপে জীব-জন্তু পতিত হলে

بَابُ الْبِئْرِ إِذَا وَقَعَ فِيهَا حَيَوَانٌ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ زِيَادٍ ، نَا أَحْمَدُ بْنُ مَنْصُورٍ ، نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ سِيرِينَ ، أَنَّ زِنْجِيًّا وَقَعَ فِي زَمْزَمَ ، يَعْنِي : فَمَاتَ الْأَنْصَارِيُّ ، نَا هِشَامٌ ، عَنْ مُحَمَّد بْنِ سِيرِينَ ، أَنَّ زِنْجِيًّا وَقَعَ فِي زَمْزَمَ ، يَعْنِي : فَمَاتَ فَأَمَرَ بِهِ الْأَنْ تُنْزَحَ ، قَالَ : _ فَغَلَبَتْهُمْ عَيْنُ جَاءَتْهُمْ مِنَ الرُّكُنِ فَأَمَرَ بِهَا فَدُسِمَت بِالْقَبَاطِيِّ وَالْمَطَارِفِ حَتَّى نَزَحُوهَا ، فَلَمَّا نَزَحُوهَا انْفَجَرَت عَلَيْهِمْ

বাংলা

৬১(১). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে যিয়াদ (রহঃ) ... মুহাম্মাদ ইবনে সীরীন (রহঃ) থেকে বর্ণিত। এক কৃষ্ণাঙ্গ ব্যক্তি যমযম কূপে পতিত হয়ে মারা গেল। ইবনে আব্বাস (রাঃ) লাশটি কূপ থেকে তোলার পর এর সমস্ত পানি নিষ্কাশন করার নির্দেশ দিলেন। রাবী বলেন, পানি নিষ্কাশনের সময় রুকন (কা'বা শরীফ) এর দিক দিয়ে প্রবল বেগে পানি নির্গত হচ্ছিল। তার নির্দেশে মিসরীয় কাপড় ও চাদর দিয়ে পানির উৎসমুখ বন্ধ করে দেয়া হলো। আবার পানি নিষ্কাশনের পর উৎসমুখ খুলে দেয়া হলে পানিতে কূপ ভরে গেল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু সীরীন (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন